



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পুনরায় টেলিমেডিসিন সেবা চালু

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩১ মার্চ ২০২১।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পুনরায় চালু হয়েছে টেলিমেডিসিন সেবা। সাম্প্রতিক সময়ে কোভিড-১৯ এর সংক্রমণ বেড়ে যাওয়ায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর নির্দেশক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার পুনরায় টেলিমেডিসিন সেবা চালু করেছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ এ টেলিমেডিসিন সেবার সুবিধা গ্রহণ করতে পারবেন। সেবা গ্রহণের জন্য সকাল ৯:০০ ঘটিকা থেকে ১২:০০ ঘটিকা এবং দুপুর ৩:০০ ঘটিকা থেকে ৬:০০ ঘটিকা পর্যন্ত নিম্নলিখিত নম্বরে ফোন করা যাবে।

ডাঃ শাম্মী আরা নিপা, মেডিকেল অফিসার, বরিশাল বিশ্ববিদ্যালয়- ০১৬৭৮০৪৩৮০৩

ডাঃ তানজীন হোসেন, মেডিকেল অফিসার, বরিশাল বিশ্ববিদ্যালয়- ০১৭২৩০৪০১১৯

উল্লেখ্য, ২০২০ সালের মার্চ মাসে বিশ্বজুড়ে কোভিড-১৯ এর সংক্রমণ দেখা দিলে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা গ্রহণের জন্য এ টেলিমেডিসিন সেবা চালু করা হয়েছিলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস